## এক ঝলকে



মহাষ্টমীর পুজোতে ধুনুচি নাচে মাকে শ্রদ্ধা রানি রাসমণির চরিত্রাভিনেত্রী দিতিপ্রিয়া রায়ের। বুধবার উত্তর কলকাতায়। —প্রবীর বন্দ্যোপাধ্যায়

## ৫ ধাপ এগোল ভারত

■ **লন্ডন :** ভারতীয় মুদ্রার বিনিময়মূল্য ক্রমেই কমার ফলে মোদি সরকারকে যখন ঘরে বাইরে সমালোচনার মুখে পড়তে হচ্ছে ঠিক তখনই বাড়তি অক্সিজেন জোগাল ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের রিপোর্ট। সম্প্রতি প্রকাশ হওয়া ফোরামের রিপোর্ট অনুযায়ী, বিশ্ব অর্থনীতিতে পাঁচ ধাপ উপরে উঠে এসেছে ভারত। গতবার ৬৩ নম্বরে থাকা ভারত এবার ৫৮ নম্বর স্থান দখল করে নিয়েছে। এই বছরই পাঁচ রাজ্যে বিধানসভা নির্বাচন হবে। ২০১৯ সালে রয়েছে লোকসভা নির্বাচন। ঠিক তার আগে বিশ্ব অর্থনীতি সংস্থার এই রিপোর্ট যে বিরোধীদের বিরুদ্ধে মোদি সরকারের হাতে অতিরিক্ত একটি অস্ত্র তুলে দিল তা নিয়ে রাজন্যতিক মহলে সন্দেহের অবকাশ নেই। ১৪০টি ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের এই প্রতিযোগিতায় অংশ নিয়েছিল। আগের বারের মতো এবারের কৃতী তালিকার শীর্ষে রয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। তারপর রয়েছে সিঙ্গাপুর, জার্মানি, সুইজারল্যান্ড, জাপান। দক্ষিণ এশিয়ার দেশগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে ভারত। অন্যদিকে ব্রিকসভুক্ত দেশগুলির মধ্যে প্রথম স্থানে রয়েছে চিন। তারপর রাশিয়া, ভারত, দক্ষিণ আফ্রিকা ও ব্রাজিল।

## সেনা-জঙ্গি লড়াইয়ে হত ৪

■ **শ্রীনগর :** সেনা-জঙ্গি সংঘর্ষে তিন জঙ্গির মৃত্যু হয়েছে। শহিদ হয়েছেন এক পুলিশ কর্মী। বুধবার শ্রীনগরে যৌথ অভিযান শেষে এমনটাই জানিয়েছে এসএসপি ইমতিয়াজ ইজমাইল পেরি। পুলিশের কাছে গোপন সূত্রে খবর আসে ফতেহ কদল এলাকায় কট্টর জঙ্গিরা লুকিয়ে রয়েছে। রয়েছে লস্কর-ই-তৈবার এক কমান্ডারও। তারপরেই জঙ্গি দমনের পরিকল্পনা করে ফেলে সেনাবাহিনী। জম্মু-কাশ্মীর পুলিশ এবং সেনাবাহিনী যৌথ অভিযান চালায়। ফতেহ কদল এলাকা ঘিরে ফেলা হয়। পুলিশি টহলদারির সঙ্গে এলাকায় ইন্টারনেট পরিষেবা সাময়িকভাবে বিচ্ছিন্ন করে দেওয়া হয়। এরপরেই শুরু হয় জঙ্গি- সেনাবাহিনীর মধ্যে গুলির লড়াই। দু'পক্ষের লড়াইয়ে তিন জঙ্গির মৃত্যু হয়। এখনও মৃত জঙ্গিদের পরিচয় জানা যায়নি। গত সপ্তাহে জম্মু-কাশ্মীরের কুপওয়ারায় হিজবুল মুজাহিদিনের প্রথম সারির কমান্ডার মান্নান ওয়ানিকে হত্যা করে সেনাবাহিনী। যার প্রতিবাদে বিক্ষোভ দেখায় আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের কিছু পড়ুয়া। তিন কাশ্মীরি পড়ুয়াকে সাময়িকভাবে সাসপেন্ড করা হয়। ঘটনার রিপোর্ট চেয়েছে মানব সম্পদ উন্নয়ন মন্ত্রক।

## লুঙ্গি পরায় বিহারি নিগ্রহ

■ **আমেদাবাদ :** লুঙ্গি পরায় অপরাধে বেধড়ক মারধর করা হল বিহারের সাত যুবককে। তাঁদের মধ্যে একজন পেশায় ইঞ্জিনিয়ার। ও অন্য ছ'জন কলের মিস্ত্রী। এই প্রথম নয়। গুজরাতে প্রবাসী বিহারীদের উপর এই হামলা বেশ কিছুদিন ধরে চলছে। ঘটনার সূত্রপাত, সবরকাঁথা জেলায়। এক শিশুকে ধর্ষণের ঘটনাকে কেন্দ্র করে বিহারিদের উপর হামলা শুরু হয়েছে। প্রশাসনের উদ্যোগে তা কিছুটা কমলেও গুজরাতিদের মন থেকে যে বিহারি বিদ্বেষ পুরোপুরি যায়নি এই ঘটনা তারই প্রমাণ। সোমবার রাতে গুজরাতের সামায় সাত বিহারির উপর হামলা চালায় স্থানীয় বাসিন্দারা। আহতরা সকলেই বিহারের মধুবনি জেলার বাসিন্দা। ঘটনার দিন লুঙ্গি পরা নিয়ে পেশায় ইঞ্জিনিয়ার শত্রুঘ্ন যাদবের সঙ্গে বচসা বাঁধে স্থানীয় তিন যুবকের।



















### আনন্দযজ্ঞে সবার নিমন্ত্রণ ...

১। লখনউয়ের ক্যান্টনমেন্টের পুজো প্যান্ডেলে রাফাল যুদ্ধ বিমানের কাটআউট।
২। মহাষ্টমীর পুজোয় রাঁচিতে নেপালি মহিলাদের ধর্মীয় আচার পালন।
৩। অষ্টমীর পুজোতে শাঁখ বাজিয়ে মাতৃ আরাধনায় নারীবাহিনী। বুধবার গুরুগ্রামে।
৪। মহাষ্টমী উপলক্ষে ধর্মীয় রীতি পালন কন্নড় মহিলাদের। হুব্বালির তুলাজভবানী মন্দিরে।
৫। গরবা নাচে নবরাত্রি উদযাপন যুগলের। সুরাতে।
৬। দশেরার আগে বিক্রি হচ্ছে রাবণের কুশপুতুল। অমৃতসরে।

আদালত, সরকার, পুলিশকে বুড়ো আঙুল, উত্তেজনা চরমে

# দরজা খুললেও শবরীমালায় মহিলাদের প্রবেশে বাধা

**তিরুবনন্তপুরম:** গত কয়েক দিন ধরেই শবরীমালা মন্দির ও তার আশপাশের এলাকাগুলিতে চলছিল তুমুল বিক্ষোভ। আশঙ্কা ছিল বড় গন্ডগোলের। আশঙ্কাই সত্যি হল। বুধবার বিকেলে দরজা খুলল কেরলের শবরীমালা মন্দিরের। কিন্তু সেই মন্দিরের আয়াপ্পা গর্ভগৃহ তো দুরের কথা, মন্দিরের ভিতরেও ঢুকতে দেওয়া হল না মহিলাদের। আটকানো হল মহিলা সাংবাদিকদেরও। দরজা খোলার পর মা, বাবা, ছেলেমেয়েকে নিয়ে ৪০ বছরের এক মহিলা পুণ্যার্থী পাহাড় বেয়ে ওঠার চেষ্টা করেছিলেন শবরীমালা মন্দিরে। কিন্তু বিক্ষোভকারীরা তাঁর পথ আটকান। তাঁকে ফিরে আসতে বাধ্য করা হয়।

বুধবার সকালেও মন্দিরের প্রবেশপথে যাওয়ার সময় বাধা দেওয়া হয় দুই মহিলাকে। এঁরাই প্রথম যাঁরা এ দিন কেরলের শবরীমালা মন্দিরে প্রবেশের জন্য রওনা দিয়েছিলেন। তাঁরা হলেন কেরলের এক সাংবাদিক লিবি সিএস। আর দ্বিতীয় জন অন্ধ্রপ্রদেশের বাসিন্দা মাধবী। মাধবী পরিবারের সঙ্গে এসেছিলেন। ওই সাংবাদিককে মন্দিরের মূল প্রবেশদ্বারের ৪.৬ কিলোমিটার দূরে পাম্বায় ঘিরে ফেলেন বিক্ষোভকারীরা। পরে পুলিশ গিয়ে তাঁকে উদ্ধার করে। আর মাধবী এবং তাঁর পরিবারের সঙ্গেও একই ঘটনা ঘটে। মন্দির থেকে কয়েকশো মিটার দূরে মাধবীর পথ আটকানো হয়। পুলিশ গিয়ে তাঁকেও উদ্ধার করে। প্রচণ্ড ভয় পেয়ে যাওয়ায় তিনি আর মন্দিরমুখো হননি। সেখান থেকেই ফিরে যান। এরপর দর্শনার্থীদের একটি বাসে মহিলা টিভি সাংবাদিকও মন্দিরে যাচ্ছিলেন। গাড়ি আটকে তাঁকে হেনস্তা করা হয় বলে অভিযোগ। ভাঙচুর চালানো হয় গাড়িতেও।

সুপ্রিম কোর্টের রায় মেনে শবরীমালা মন্দিরে মহিলাদের প্রবেশ সুনিশ্চিত করতে কড়া নিরাপত্তার ব্যবস্থা করেছিল কেরল সরকার। কিন্তু মঙ্গলবারের মতোই বুধবারও গায়ের জোরে দাপট দেখিয়েছেন বিরোধীরা। ভক্তদের গাড়িতে ইট ছুড়ে পথ আটকানোর চেষ্টা করেন তাঁরা। যদিও কেরলের মুখ্যমন্ত্রী পিনারাই বিজয়ন পরিষ্কার জানিয়ে দিয়েছেন, রায় পুনর্বিবেচনার কোনও আবেদন সরকার জানাবে না। সুপ্রিম রায়কে কার্যকর করতে মহিলাদের জন্য থাকবে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা। ওয়াকিবহাল মহলের মতে, শবরীমালা ইস্যুতে দ্বিধাবিভক্ত গোটা কেরল। সুপ্রিম কোর্টের নির্দেশ বা আইন আগে না ধর্মীয় আবেগ আগে? এই প্রশ্নই শুরু হয়েছে নতুন বিবাদ।

মুখ্যমন্ত্রী পিনারাই বলেছেন, "আদালতের নির্দেশ মানতে সরকার দায়বদ্ধ। মঙ্গলবার সকালে নীলাক্কলে কয়েকটি হামলার ঘটনার কথা শুনলাম। এটা কিছুতেই সহ্য করা হবে না। কাউকে নিজের হাতে আইন তুলে নিতে দেওয়া হবে না। ভক্তদের গাড়ির উপর নজরদারি চালানোরও অনুমতি কাউকে দেওয়া হবে না।' মঙ্গলবার নীলাক্কলে গাড়ি ও বাসে নজরদারি চালিয়ে মহিলা ভক্তদের ফেরত পাঠিয়েছিল বিক্ষোভকারীরা। সরকারের রিভিউ পিটিশন করার বা সুপ্রিম রায় ঠেকাতে আইন আনার কোনও প্রয়োজন নেই বলে জানিয়ে বিজয়ন বলেন, সরকারও মহিলাদের সমানাধিকারের পক্ষে। সবাই শবরীমালায় দর্শনে যেতে পারেন। এ জন্য সরকার যাবতীয় সহযোগিতা করবে।

স্তম্ভিত গোটা দুনিয়া, অডিও টেপ ঘিরে উত্তেজনা, চরম হুমকি ট্রাম্পের

# সৌদি সাংবাদিকের শিরশ্ছেদ দূতাবাসেই, বিস্ফোরক দাবি তুরস্কের

**আঙ্কারা:** সৌদি আরবের নিখোঁজ সাংবাদিক জামাল খাসোগিকে সৌদি আরবের দূতাবাসের মধ্যেই শিরশ্ছেদ করা হয়েছে বলে দাবি করল তুরস্কের প্রভাবশালী সরকারি সমর্থনপুষ্ট সংবাদমাধ্যম ইয়েনি সাফাক। সাফাকের এই দাবি ঘিরে চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে গোটা আরব দুনিয়ায়। সৌদি এই দাবি মিথ্যা ও ভুয়া বলে উড়িয়ে দিয়েছে। কিন্তু তুরস্ক সরকার বা সে দেশের প্রেসিডেন্ট জোসেফ তায়িপ এরদোগান এখনও এ ব্যাপারে মুখ খোলননি। সঙ্কট সামাল দিতে তড়িঘড়ি তুরস্কে পৌঁছেছেন মার্কিন প্রতিরক্ষা সচিব জেমস ম্যাটিস।

বুধবার তুরস্কের ওই জনপ্রিয় ও প্রভাবশালী সংবাদপত্র দাবি করেছে তাদের হাতে অকাট্য প্রমাণ হিসাবে রয়েছে একটি অডিও টেপ। তারা জানিয়েছে, খাসোগিকে অত্যাচার করার ভয়ানক বর্ণনা ও কথোপকথন রয়েছে ওই টেপে। তারা নিশ্চিত হওয়ার পরই দায়িত্ব নিয়েই খবরটি প্রকাশ করেছে। প্রকাশিত খবর অনুযায়ী, ৬০ বছরের প্রবীণ সাংবাদিক খাসোগি ওয়াশিংটন পোস্টের একজন নামী কলামিস্ট। অতীতে সৌদি রাজপরিবারের দুর্নীতি ও কেচ্ছা নিয়ে



নিহত সাংবাদিক জামাল খাসোগি।

তিনি অনেকবার কলম ধরেছিলেন। তাঁকে খুন করার হুমকি দিচ্ছিল কিছু মৌলবাদী ইসলামিক গোষ্ঠী।

সংবাদপত্র ইয়েনি সাফাক জানিয়েছে তাঁকে অপহরণ করার পর কয়েক দিন ধরে ঠান্ডা মাথায় ভয়ানক অত্যাচার করা হয়েছিল। তিনি যন্ত্রণায় গোঙাচ্ছিলেন। তাঁকে পেন কিলার দিয়ে অত্যাচারের মাত্রা বাড়ানো হয়। তাঁকে টানা জেরা করছিল অপহরণকারীরা। তারপর দু'টি হাতের একটি একটি করে আঙুল কেটে ফেলা হচ্ছিল। নখও উপড়ে নেওয়া হচ্ছিল। তাঁর সংজ্ঞা ফিরিয়ে এনে সবশেষে তাঁর মুণ্ডচ্ছেদ করা হয়। এই বর্বরোচিত ঘটনাটি ঘটানো হয় ইসলামিক স্টেট জঙ্গিদের রীতি মেনে। কিন্তু পুরো ঘটনার পিছনে সৌদি আরবের সরকারের মদত রয়েছে। এটি কোনও সন্ত্রাসবাদী গোষ্ঠীর কাজ নয়। এমনটাই দাবি তুরস্কের খবরের কাগজটির। খাসোগির দেহ লোপাট করা হয়েছে। তাঁর হাতে ছিল অ্যাপল কোম্পানির স্মার্ট ওয়াচ। অত্যাচারের আগে সেটি খুলতে ভুলে গিয়েছিল মুখোশধারী অপহরণকারীরা। সেই স্মার্ট ওয়াচেই রেকর্ড হয়ে যায় অত্যাচারীদের কথা এবং অত্যাচারের ঘটনাগুলি। এটি কোনওভাবে চলে এসেছে ওই সংবাদপত্রের হাতে। তুরস্কের পুলিশের দাবি, সৌদি আরব থেকে এসেছিল সামরিক গোয়েন্দাদের ১৫ জনের একটি গোপন দল। এরা উঠেছিল ইস্তানবুলে সৌদি কনসুলেটে। সেখানেই আগে থেক এনে রাখা হয়েছিল অপহৃত খাসোগিকে। টানা জেরার পর তাঁকে সেখানেই হত্যা করা হয়। তুরস্কে তাঁর এক তুর্কি প্রেমিকাকে বিয়ে করার প্রস্তুতি নিচ্ছিলেন প্রৌঢ় খাসোগি। এরপর তাঁকে নিয়ে যেতেন সৌদিতে নিজের বাড়ি। সেই উপলক্ষ্যে হবু স্ত্রীর ভিসার আবেদন জমা দিতে নথিপত্র সহ গিয়েছিলেন ইস্তানবুলের সৌদি কনসুলেটে। কিন্তু কনসুলেটে ঢুকে আর বের হতে পারেননি।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আগেই সৌদি আরবের ক্রাউন প্রিন্স আবদুল আজিজ সলমনকে ফোন করে হুঁশিয়ারি দিয়ে রেখেছেন, যদি এমন প্রমাণ পাওয়া যায় যে খাসোগির হত্যার ঘটনায় সৌদি সরকার জড়িত, তাহলে তিনি সৌদি আরবের বিরুদ্ধে 'ভয়ঙ্কর শাস্তিমূলক' ব্যবস্থা নেবেন। সেই শাস্তি সামরিক ব্যবস্থা বা আর্থিক নিষেধাজ্ঞাও হতে পারে। এমন ইঙ্গিতও দিয়ে রেখেছেন ট্রাম্প। কিন্তু কোনও দেশের সরকার কোনও সাংবাদিককে এরকম ভয়ঙ্করভাবে হত্যা করেছে তার নজির সম্প্রতি নেই। এমনকী কোনও দূতাবাসের মধ্যে ঠান্ডা মাথায় কোনও সাংবাদিকের শিরশ্ছেদ করা হচ্ছে, এমন উদাহরণও বিরল। তাই তুর্কি কাগজের দাবি ও খবর সত্যি হলে আরব দুনিয়ায় রাজনৈতিক সংকট আরও বাড়বে বলে মনে করা হচ্ছে।

মণ্ডপে রাজমহল, ডাকের সাজের প্রতিমা, সাবেকিয়ানায় দেবী আরাধনা বঙ্গসন্তানদের

# সিঁদুরখেলায় শামিল হবেন সাইবারাবাদের আইবুড়োরাও

**শুভ্র মুখোপাধ্যায় ● হায়দরাবাদ**

পেশা বড় দায়। তাই দীর্ঘদিন ধরে আমরা পরবাসী। পরিবার-পরিজনদের ছেড়ে থাকায় যেমন কষ্ট ঠিক তেমনই কষ্ট বাঙালির ১৩ পার্বণ ভুলে থাকা। প্রতিদিনের জীবনে ভাত-ডাল, বাংলাভাষী প্রতিবেশী মিললেও বাংলা সংস্কৃতির আমেজ মেলা ভার। কিন্তু তা বলে তো দুর্গাপুজো, পয়লা বৈশাখ, রবীন্দ্র জয়ন্তী, সরস্বতীপুজো জীবন থেকে ছেঁটে ফেলা যায় না। তাই তো প্রবাসী বাঙালি পৃথিবী জুড়ে গড়ে তুলেছে টুকরো টুকরো বাংলা। তেমনই এক টুকরো বাংলার নাম সাইবারাবাদ বাঙালি অ্যাসোসিয়েশন, মিয়াপুর।

তথ্যপ্রযুক্তির শহর হায়দরাবাদের এই অ্যাসোসিয়েশনের দুর্গাপুজো এবার ১১ বছরে পা দিল। এক যুগের ইতিহাস গড়ার মুখে এবারও সনাতন পুজোর মেজাজ ধরা পড়েছে। কলকাতায় যখন থিমের হুড়োহুড়ি, তখন ডাকের সাজের আটপৌরে দুর্গাপ্রতিমার আরাধনায় মগ্ন মিয়াপুরের প্রায় চার হাজার বাঙালি।

বছর বছর বাড়তে থাকা দর্শকের ভিড় সামলাতে বেড়েছে প্যান্ডেলর অবয়বও। এই বছর আমাদের ১২০ ফুট প্রস্থ ও ৩৫ ফুট দীর্ঘ মণ্ডপ হায়দরাবাদের বৃহত্তম প্যান্ডেলের রেকর্ড ছাপিয়ে গিয়েছে। বাংলার পুরনো দিনের রাজবাড়ির নকশায় তৈরি হয়েছে মণ্ডপ। সনাতনি আদলে মূর্তি গড়েছেন বাংলার কুমোরটুলি থেকে প্রশিক্ষণপ্রাপ্ত শিল্পী জগবন্ধু পাল। মূর্তির ডাকের সাজ রাজমহলের বনেদিয়ানার প্রতীক হিসাবে ফুটে উঠেছে। শুধু মণ্ডপ বা প্রতিমাতেই নয়, সাবেকিয়ানার স্পর্শ রয়েছে পুজোর আচার-অনুষ্ঠানেও। বিদেশ-বিভুঁই বলে ছাড় নেই। রীতিমতো নিয়ম মেনে নিষ্ঠার সঙ্গে সমস্ত উপচারের আয়োজন করেছি আমরা।

ধূপ-ধুনোর গন্ধের পাশাপাশি রয়েছে বিনোদনের ব্যবস্থাও। উৎসবের প্রথম দিন থেকেই শুরু হয়েছে নানা রঙের সাংস্কৃতিক অনুষ্ঠান। নাচ, গান, যন্ত্র-সংগীত, নাটক, ডান্ডিয়ায় পুজোর পাঁচ দিনই মেতে থাকবেন স্থানীয় বাঙালিরা। অ্যাসোসিয়েশনের সদস্যদের পাশাপাশি অনুষ্ঠান মাতাতে আসছেন কলকাতার শিল্পীরাও। পুজো দেখতে আসা বাঙালিদের মধ্যে ভোগ বিতরণের ব্যবস্থাও করা হয়েছে।

তবে এবারের পুজোর অন্যতম আকর্ষণ অপেক্ষা করে রয়েছে দশমীতে। চারদিনের আনন্দের পর উমাকে কৈলাসে পাঠানোর আগে বরণ করার সময় সিঁদুরখেলার রেওয়াজ রয়েছে। এই অনুষ্ঠান মূলত সধবাদের। প্রথমে মায়ের সিঁথি রাঙিয়ে পরে নিজেদের মধ্যে চলে সিঁদুর খেলা। মণ্ডপে দাঁড়িয়ে দেখার সুযোগ মিললেও এই অনুষ্ঠানে যোগ দেওয়ার অনুমতি মেলে না অবিবাহিতাদের। এবার সেই আনন্দকেও আমরা সবার মধ্যে ছড়িয়ে দিতে চাই। সাইবারাবাদ বাঙালি অ্যাসোসিয়েশনের মণ্ডপে বিবাহিত-অবিবাহিত নির্বিশেষে সমাজের সকলেই এবার এই আনন্দে শামিল হতে পারবেন।

শুধু উৎসব পালনই নয়, সেই সঙ্গে বিভিন্ন সমাজসেবামূলক কর্মকাণ্ডেও শমিল হয়েছে ৩৫০ সদস্যের এই সাইবারাবাদ বাঙালি অ্যাসোসিয়েশন। পুজোর পাঁচদিন দুঃস্থদের খাওয়ানোর পাশাপাশি তাঁদের হাতে তুলে দেওয়া হয়েছে রান্নার কাঁচামাল। এর মধ্যে দিয়ে স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস প্রচার করাই লক্ষ্য। শুধু এই বছরই নয়। প্রতিমা ও মণ্ডপের বিশেষত্বের জন্য এর আগেও বহু স্বীকৃতি মিলেছে। ২০১৩ সালে টাইমস অফ ইন্ডিয়া, হায়দরাবাদের তরফে শ্রেষ্ঠ দুর্গাপুজোর সম্মানের পালক জুড়েছে মিয়াপুর সাইবারাবাদ বাঙালি অ্যাসোসিয়েশনের মুকুটে। ২০১৬ সালে বাংলার বাইরে আয়োজিত পুজোগুলির মধ্যে বিশ্ব বাংলা শারদ সম্মান পেয়েছে আমাদের এই পুজো।

**(প্রতিবেদক পেশায় ইঞ্জিনিয়ার। মিয়াপুর সাইবারাবাদ বাঙালি অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক।)**



হায়দরাবাদের মিয়াপুরের সাইবারাবাদে বাঙালি অ্যাসোসিয়েশনের দুর্গাপ্রতিমা। ছবি প্রতিবেদকের তোলা।

## রাজনীতিতে হাসিন জাহান

■ **মুম্বই :** কংগ্রেসে যোগ দিলেন ক্রিকেটার মহম্মদ শামির স্ত্রী হাসিন জাহান। মডেলিং, অভিনয়ের পর এবার রাহুল গান্ধীর দলেই রাজনৈতিক কেরিয়ার শুরু করতে চলেছেন শামি পত্নী হাসিনা জাহান। কিছুদিন আগেই ভারতীয় ক্রিকেট দলের পেসার মহম্মদ শামির বিরুদ্ধে বধূ নির্যাতনের অভিযোগ এনে সংবাদের শিরোনামে উঠে এসেছিলেন তিনি। তারপর থেকে সংবাদ মাধ্যমকে তিনি একাধিকবার বলেছেন, জীবনে অনেক কিছু করার আছে। এবার সেই মন্তব্যকে বাস্তবে পরিণত করতে চলেছেন তিনি। হাসিন জাহানকে দলীয় উত্তরীয় পরিয়ে ও পুষ্পস্তবক দিয়ে স্বাগত জানিয়েছেন মহারাষ্ট্র কংগ্রেসের নেতা সঞ্জয় নিরুপম।

## ধর্ষণে অভিযুক্ত সেনা

■ **পুণে :** সেনা হাসপাতালে কর্মরত এক মূক ও বধির যুবতীকে চার বছর ধরে ধর্ষণের অভিযোগ উঠল চার সেনার বিরুদ্ধে। ঘটনাটি ঘটে খাড়কির সেনা হাসপাতালে। পুলিশে অভিযোগের পাশাপাশি ওই চার জওয়ানের বিরুদ্ধে কোর্ট এনকোয়ারির নির্দেশ দেওয়া হয়েছে। খাড়কির সিনিয়র ইন্সপেক্টর জানিয়েছেন, ওই চার জওয়ানের বিরুদ্ধে ধর্ষণ ও শ্লীলতাহানির অভিযোগে মামলা রুজু করা হয়েছে।